



# Bangabandhu Parishad Australia Inc.

Reg No. INC9891249

## সংবাদ বিজ্ঞপ্তি

### বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া'র বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত; নতুন কার্যকরী কমিটি ঘোষিত

গত ২রা জুন ২০১৩ তারিখে বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া'র বার্ষিক সাধারণ সভা থাইবান রেঙ্কুরেন্ট, কুইন স্ট্রীট, ক্যাম্পবেলটাউন-এ ডঃ বোরহান উদ্দিন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাপতি সকল সাধারণ সদস্যসহ কমিউনিটির বিভিন্ন স্তরের উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সাধারণ সভার কার্যক্রম শুরু করেন এবং বিগত বছরে অনুষ্ঠিত জাতীয় শোক দিবস-এর অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন করতে সংগঠনের সকল সদস্যের সার্বিক সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। এরপর কোষাধ্যক্ষ জনাব মাহমুদ হোসেন সংগঠনের বিগত বছরের আর্থিক বিবরণী সাধারণ সভায় উপস্থাপন করেন এবং সদস্যদের সম্মতিতে আয়-ব্যয়ের হিসাব গৃহীত হয়। সভাপতি অতঃপর তার নেতৃত্বাধীন কার্যনির্বাহী কমিটির কার্যক্রম বিলুপ্ত ঘোষণা করেন এবং সাধারণ সভাকে নতুন কার্যনির্বাহী কমিটি নির্বাচনের জন্য অনুরোধ করেন।

সাধারণ সভা সর্বসম্মতিক্রমে নতুন কার্যনির্বাহী কমিটি নির্বাচিত করেন। নতুন কমিটিতে সর্ব জনাব মফিজুল হক, সভাপতি, ইফতেখার উদ্দিন সাধারণ সম্পাদক এবং মনসুর রহমান কোষাধ্যক্ষ নির্বাচিত হন। পূন্য কমিটি ২১ সদস্য বিশিষ্ট এবং নিম্নরূপ:

সভাপতি: জনাব মফিজুল হক

সহ-সভাপতি: ডঃ এজাজ আল মামুন

সহ-সভাপতি: শাহ আলম সৈয়দ

সাধারণ সম্পাদক: ইফতেখার উদ্দিন

সহ-সাধারণ সম্পাদক: জহিরুল ইসলাম মহসিন

কোষাধ্যক্ষ: মনসুর রহমান

সাংগঠনিক সম্পাদক: মাহবুবুল ইসলাম চৌধুরী শরীফ

সাংস্কৃতিক সম্পাদক: সুরভী ছন্দা

প্রচার ও প্রকাশনা সম্পাদক: এম. আহসান হাবীব

কার্যকরী পরিষদ সদস্য:

সর্বজনাব, ড: বোরহানউদ্দিন

ড: আহমদ রেজা

মাহমুদ হোসেন

ড: জাকির হাসান

ড: কামালউদ্দিন

নজরুল ইসলাম

এনামুল হক

শাহাদত হোসেন

জিয়াউল কবির জিয়ন

মাইনুল ইসলাম চৌধুরী

মশিউর রহমান লাভলু

ভৌফিকুল ওহাব

অতঃপর সভার সভাপতি ড: বোরহানউদ্দিন সকলকে ধন্যবাদ জানান এবং নতুন কমিটিকে সার্বিক সহযোগীতা করার আশ্বাস দেন। বিদায়ী কমিটি নতুন কমিটির কাছে দ্বায়িত্ব হস্তান্তর করে। নতুন কমিটির সভাপতি জনাব মফিজুল হক তার সংক্ষিপ্ত বক্তব্যে সকলকে সহযোগীতা করার আহ্বান জানান। পরিশেষে ড: বোরহানউদ্দিন সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করে সকলকে মধ্যাহ্ন ভোজের আমন্ত্রণ জানান।

\*\*\*